ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৯৫
আগরতলা, ১৭ আগস্ট, ২০২৫

**ইসকন পালাটানা মন্দিরে জন্মাষ্টমী উৎসবের উদ্বোধন করলেন রাজ্যপাল**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল সন্ধ্যায় উদয়পুরের ইসকন পালাটানা মন্দিরে জন্মাষ্টমী উৎসবের উদ্বোধন করেন। রাজ্যপাল অভিষেক পূজায় অংশ নেন ও শ্রীকৃষ্ণের প্রতি প্রদীপ উৎসর্গ করেন। তিনি ইসকনের প্রতিষ্ঠাতা শ্রীলা প্রভুপাদ-র প্রতি পুস্পাঞ্জলি অর্পণ করে শ্রদ্ধা জানান। সংক্ষিপ্ত আলোচনায় তিনি শ্রীকৃষ্ণের জীবন, আদর্শ এবং উপদেশগুলি তুলে ধরেন। প্রসঙ্গক্রমে তিনি শিশুদের মধ্যে শৃঙ্খলা এবং মূল্যবোধ গড়ে তুলতে অভিভাবকদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শ্রীপাদ জনার্ধন গোবিন্দ দাস। উপস্থিত ছিলেন বিধায়ক অন্তরা দেব সরকার, বিধায়ক মিনারাণী সরকার, বিধায়ক জিতেন্দ্র মজুমদার প্রমুখ। ধন্যবাদ জ্ঞাপন করেন ইসকন পালাটানা মন্দিরের সভাপতি প্রেমদাতা দাস। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******